



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ Bangladesh Food Safety Authority



জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

খাদ্যের মোড়ক ও স্পর্শক উৎপাদন ও ব্যবহার সম্পর্কিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খাদ্যস্পর্শক প্রবিধানমালা, ২০১৯ (এস.আর.ও নং ২৫৭-আইন/২০১৯ তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ) প্রকাশিত হয়েছে। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট খাদ্যস্পর্শক ব্যবসায়ী, খাদ্য ব্যবসায়ী ও জনগণকে উক্ত বিধিমালা (www.bfsa.gov.bd হতে ডাউনলোড যোগ্য) সম্পর্কে অবহিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। খাদ্যের নিরাপদতা এবং জনস্বাস্থ্য সুরক্ষায় খাদ্যস্পর্শক প্রস্তুতকারী ও ব্যবসায়ী, খাদ্য মোড়কাজাতকারী প্রতিষ্ঠান, খাদ্য ব্যবসায়ীসহ সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

- খাদ্যস্পর্শক ও খাদ্যের মোড়ক উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল স্বাস্থ্যসম্মত ও যথাযথ মানসম্পন্ন (Food Grade) হইতে হইবে;
- খাদ্যের মোড়কে/প্যাকেটে ধাতব স্ট্যাপলার/পিন/সেফটি পিন বা ধাতব বস্তু ব্যবহার করা যাইবে না;
- খাদ্যের মোড়ক হিসেবে নিম্নমানের ও রিসাইকেলড পলিথিন, পুরোনো খবরের কাগজ/লিখিত কাগজ ইত্যাদি ব্যবহার করা যাইবে না;
- চা/কফি বা গরম খাবার/পানীয় পরিবেশনের ক্ষেত্রে নিম্নমানের ও রিসাইকেলড প্লাস্টিক কাপ/বস্তু/পাত্র ব্যবহার করা যাইবে না।

জনস্বাস্থ্য সুরক্ষায় নিরাপদখাদ্য আইন, ২০১৩ এবং এর অধীন প্রণীত বিধিমালাসমূহ মেনে চলুন এবং স্বাস্থ্যসম্মত নিরাপদ খাদ্য নিশ্চিত করুন। নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর লংঘন শাস্তিযোগ্য অপরাধ। এ শাস্তি সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত কারাদণ্ড বা ২০ (বিশ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ড হতে পারে।